বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
www.sonargaonmuseum.gov.bd

নং: ৪৩.২৮.০০০০.১১১.১২০.২২.৩৪৯ তারিখ: ২২ জানুয়ারি ২০২২ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামোভুক্ত রাজস্ব খাতে নিম্নবর্ণিত পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিয়োগের জন্য পদের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা এবং নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে ( http://bfacf.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।:

| ক্র: নং | পদের নাম/বেতনক্রম | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| ১. | সহকারী লাইব্রেরীয়ান –কাম-ক্যাটালগার (গ্রেড-১১) ১২৫০০-৩০২৩০/- | ০১ (এক)টি | গ্রন্থাগার বিজ্ঞানে ন্যুনতম স্নাতক ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। | পাবনা, মাগুরা, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, চুয়াডাঙ্গা, ঢাকা, মুন্সিগঞ্জ, কুমিল্লা, ঠাকুরগাঁ ও ফরিদপুর।<br><br>তবে শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে নূন্যতম এইচ, এস, সি পাস। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হইবে:<br>(১) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(২) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ৩. | মিউজিয়াম এটেনডেন্ট (গ্রেড-১৯) ৮৫০০-২০৫৭০/- | ০১ (এক)টি | অষ্টম শ্রেণী পাস | নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, কুমিল্লা, নরসিংদী, নেত্রকোনা, জামালপুর ব্রাহ্মণবাড়িয়া, রাজশাহী, পিরোজপুর, ময়মনসিংহ, গাজীপুর, নীলফামারী, রংপুর, ঝিনাইদহ, ঠাকুরগাঁ, নাটোর, রাঙ্গামাটি<br><br>তবে শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৪. | গার্ড (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | ০২ (দুই) টি | ৮ম শ্রেণী পাস, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা এবং শারীরিক যোগ্যতা থাকতে হবে। | |

২. Online এ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নরূপ:

ক) নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদন সংক্রান্ত নিয়মাবলী www.sonargaonmuseum.gov.bd এবং http://bfacf.teletalk.com.bd এ পাওয়া যাবে।

খ) Online এ আবেদনের শেষ তারিখ আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

গ) প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর (২৭ জানুয়ারি ২০২২ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর)। তবে মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র বা কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তী এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে অথবা আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

জ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঝ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

**অন-লাইনে আবেদন ফরম পূরণ:**

আগ্রহী প্রার্থীগণ http://bfacf.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

১. Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৭.০১.২০২২ খ্রি: সকাল ১০:০০ টা ।

২. Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৩.০২.২০২২ খ্রি: বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন।

**পরীক্ষার ফি:**

ক্রমিক নং ১ ও ২ এ উল্লিখিত পদের জন্য প্রতি প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৩ ও ৪ নং এ উল্লিখিত পদের জন্য প্রতি প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ৫০/- (একশত) টাকা টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- (বার) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা প্রদান করিতে হইবে।

০৪। **পরীক্ষার ফি প্রদান পদ্ধতি:**

অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নির্ধারিত পরীক্ষার ফি জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইন-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

**প্রথম SMS:** **BFACF**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **BFACF ABCDEF** send to 16222
Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is (8digit numbers). To pay fee, type BFACF<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **BFACF**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
**Example: BFACF YES 12345678** send to 16222
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for examination fee. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

০৫। **User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি:**

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবংPassword পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **BFACF**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to ১৬২২২.
Example: **BFACF Help User ABCDEF** & send to ১৬২২২

ii. PIN Number জানা থাকলে: **BFACF**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to ১৬২২২.
Example: **BFACF Help PIN 12345678** & send to ১৬২২২

০৬। **অন-লাইনে আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদানের সময়সীমা (তারিখ ও সময়):**

| | | |
|---|---|---|
| ক) | অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়:<br>{উল্লেখ্য যে, প্রার্থীদেরকে আবেদনপত্র দাখিলে-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে পরীক্ষার ফি জমাদান সম্পন্ন করতে হবে।} | ২৭.০১.২০২২ খ্রি:<br>সকাল ১০.০০ ঘটিকা। |
| খ) | অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় :<br>{উক্ত সময়সীমার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণই পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে অর্থাৎ ১৬.০২.২০২২ খ্রি: তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।} | ১৩.০২.২০২২ খ্রি:<br>বিকাল ০৫.০০ ঘটিকা। |

০৭। **প্রবেশপত্র প্রিন্ট ও সংরক্ষণ:**

উল্লেখিত পদে নিয়োগের লক্ষ্যে অনলাইন আবেদনে প্রার্থীর মোবাইল ফোন নম্বরে টেলিটক হইতে এসএমএস এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পুর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহণের সময়ে প্রদর্শন করবেন।

০৮। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি বিধান অনুসরণ করা হবে।

১০। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১১। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এর ওয়েবসাইটে (www.sonargaonmuseum.gov.bd) এবং **http://bfacf.teletalk.com.bd** অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চুড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে 121 অথবা যে-কোনো অপারেটর থেকে 01500-121121 নাম্বারে কল করা যাবে। এছাড়া, vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। (মেইল এর Subject এ Organization Name 'BFACF', Post Name*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১৩। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা প্রয়োজনবোধে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৪। যথাযথ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা রাখে। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন